# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৫০

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنِ الزُّهْرِيِّ مُرْسَلًا عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنِ احْتَجَمَ يَوْمَ الْأَرْبِعَاءِ أَوْ يَوْمَ السَّبْتِ فَأَصَابَهُ وَضَحٌ فَلَا يَلُومَنَّ إِلَّا نَفْسَهُ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَقَالَ: وَقَدْ أسْند وَلَا يَصح

বাংলা

৪৫৫০-[৩৭] ইমাম যুহরী (রহিমাহুল্লাহ) হতে মুরসালরূপে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি বুধ অথবা শনিবারে শিঙ্গা লাগানোর দরুন শ্বেতকুষ্ঠ রোগে আক্রান্ত হয়, সে যেন নিজেকেই ধিক্কার দেয়। [আহমাদ ও আবূ দাঊদ; ইমাম আবূ দাঊদ (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটি কেউ মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন, কিন্তু তা সঠিক নয়।][1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ এ হাদীসটি উল্লেখ করেছেন তাঁর কিতাব ‘‘আল মারাসীল’’-এর মধ্যে হাঃ ৪৫১, য‘ঈফাহ্ ১৫২৪; হিদায়াতুর্ রুওয়াহ্ ৪/২৭৭, হাদীসটি সুনান আবূ দাঊদে নেই। য‘ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২০২৩, আল জামি‘উস্ সগীর ১২১২৫, য‘ঈফুল জামি‘ ৫৩৪৬, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ১৯৮১৬।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘সুলায়মান ইবনু আরকাম’’ নামের এক বর্ণনাকারী, যিনি য‘ঈফ। ইমাম বায়হাক্বী তাকে য‘ঈফ বলেছেন, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৯/৩৪০ পৃঃ, হাঃ ২০০২৩। ইমাম যাহাবী (রহিমাহুল্লাহ) তাকে মাতরূক বলেছেন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ৪/৩২-৩৩ পৃঃ, হাঃ ১৫২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَأَصَابَهُ وَضَحٌ) অর্থাৎ কুষ্ঠরোগ। আর الوضح বলা হয় সকল বস্তুর সাদাকে। সুতরাং وَضَحٌ এর অর্থ শ্বেতকুষ্ঠ রোগ। (فَلَا يَلُومَنَّ إِلَّا نَفْسَهٗ) ‘‘সে যেন নিজেকে ধিক্কার দেয়’’ অর্থাৎ সে ব্যক্তি যে নির্বুদ্ধিতার কাজ করেছে সেজন্য অথবা সে যে তার জ্ঞানের বিপরীত ‘আমল করেছে সে জন্য যেন নিজেকে ধিক্কার দেয়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75274

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন